



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

Website : www.krishibank.org.bd

পরিপালন বিভাগ

ফোনঃ ০২-২২৩৩৮২৫২৪

E-Mail : dgmcompliance@krishibank.org.bd

সূত্র : প্রকা/পরিপালন/বাঃব্যঃবিঃপঃ-০৬(২০২২)/প্রকা/২০২৩-২০২৪/ ৫৯৭৯

তারিখঃ ২৮.০৪.২০২৪ খ্রি.

- ১। মহাব্যবস্থাপক  
সকল বিভাগীয় কার্যালয়
- ২। মহাব্যবস্থাপক  
স্থানীয় মুখ্য কার্যালয়  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

(ই-মেইলযোগে প্রেরিত)

বিষয় : বাংলাদেশ কৃষি ব্যাংকের উপর ৩০-০৬-২০২২ তারিখ স্থিতি ভিত্তিক বাংলাদেশ ব্যাংক বিশদ পরিদর্শন প্রতিবেদনে ব্যাংকের শ্রেণিকৃত ও অবলোপনকৃত ঋণ আদায়সহ সকল ব্যবসায়িক খাতে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে যারা ন্যূনতম শতভাগ অর্জন করতে পারেনি তাদেরকে জবাবদিহিতার আওতায় আনা প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে গত ১২.০৩.২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮৫২তম সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি নম্বর-২৫ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের ৩০-০৬-২০২২ তারিখ স্থিতিভিত্তিক প্রণীত ৩৬তম বিশদ পরিদর্শন প্রতিবেদন বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র ব্যাংক পরিদর্শন বিভাগ-২ এর ১০.০৫.২০২৩ তারিখের ডিবিআই-২(পরিঃশাঃ-১)/বিকেবি/৪৮/২০২৩-৯০৬ নং পত্রমূলে বাংলাদেশ কৃষি ব্যাংকে প্রেরণ করা হয়।


বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রধান কার্যালয়সহ ১০৩৮টি শাখার মধ্যে ৩০.০৬-২০২২ তারিখ স্থিতিভিত্তিক ৩৭টি শাখায় পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি ও পরিলক্ষিত অবস্থার আলোকে উক্ত প্রতিবেদন প্রণয়ন করা হয়। বাংলাদেশ ব্যাংকের উক্ত প্রতিবেদনের বিষয়ে পরিচালনা পর্ষদের ৮৪০তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত কার্যপত্রে বর্ণিত প্রতিবেদনটি ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক অবহিতকরণের নিমিত্ত পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করা হয়। সভায় বিষয়টির উপর বিস্তারিত পর্যালোচনাপূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

“পরিচালনা পর্ষদের ৮৪০তম সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র ৩০-০৬-২০২২ তারিখ স্থিতিভিত্তিক বাংলাদেশ ব্যাংক ৩৬তম বিশদ পরিদর্শন প্রতিবেদনের পরিপালন ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক প্রতিবেদন পর্ষদ অবহিত হন এবং ব্যাংকের শ্রেণিকৃত ও অবলোপনকৃত ঋণ আদায়সহ সকল ব্যবসায়িক খাতে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে যারা ন্যূনতম শতভাগ অর্জন করতে পারেনি তাদেরকে জবাবদিহিতার আওতায় আনার জন্য পর্ষদ ব্যাংক ব্যবস্থাপনাকে পরামর্শ প্রদান করেন।”

০৩। এমতাবস্থায়, ব্যাংকের শ্রেণিকৃত ও অবলোপনকৃত ঋণ আদায়সহ সকল ব্যবসায়িক খাতে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে যারা ন্যূনতম শতভাগ অর্জন করতে পারেনি তাদেরকে জবাবদিহিতার আওতায় আনার কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতঃ গৃহীত ব্যবস্থাদি অত্র বিভাগকে অবহিত করার জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হলো।

০৪। বিষয়টি বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট বিধায় অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে-

  
(মোঃ নাজমুল হোসেন)  
মহাব্যবস্থাপক

সূত্র : প্রকা/পরিপালন/বাঃব্যঃবিঃপঃ-০৬(২০২৩)/প্রকা/২০২৩-২০২৪/ ৫৯৭৯ (২০২৩)

তারিখঃ ২৮.০৪.২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
- ০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
- ১২। অফিস নথি।



(মোঃ গাজিউর রহমান)  
উপমহাব্যবস্থাপক